দৈনিক খবর

তারিখ 13 FEB 1990
পৃষ্ঠা ৬ কলাম ৮

# কৃষি বিশ্ববিদ্যালয়ঃ শিক্ষক বিহীন দু'টো বিভাগ

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ১২ই ফেব্রুয়ারী (সংবাদদাতা)।– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'টি বিভাগে কোন শিক্ষক নেই। বিভাগ দু'টো হলো উদ্ভিদ বিজ্ঞান ও বাংলা বিভাগ। উদ্ভিদ বিজ্ঞান বিভাগে দু'জন শিক্ষক ছিলেন যারা ইতিমধ্যে অন্য বিভাগে স্থানান্তরিত হয়েছেন। বিভাগটি এখন শিক্ষক শূন্য যদিও বিভাগটি'র অধীনে ক্লাস ছাত্র-ছাত্রীদের করতে হয়। অপর বাংলা বিভাগে দু'জন শিক্ষক ছিলেন যাদের একজন ইতিমধ্যে অবসর গ্রহণ করেছেন অপর জন বর্তমানে প্রকাশনা অফিসের ভারপ্রাপ্ত হিসেবে দীর্ঘদিন থেকে কাজ করে আসছেন– অবশ্য তিনি অধিকাংশ সময় বিভিন্ন দফতরের ভারপ্রাপ্ত থাকেন। এছাড়া ইংরেজী বিভাগে একজন মাত্র শিক্ষক রয়েছেন। জানা গেছে দীর্ঘদিন থেকে এই বিভাগের কাজ কি তা নির্ধারণ করা হয়নি। একইভাবে এই বিভাগগুলোতে অফিস প্রধান না থাকলেও বিভাগীয় কর্মচারীরা বিনা কাজে মাসের পর মাস বেতন গ্রহণ করেন। জানা গেছে, এদের অধিকাংশেরাই মাসের শেষে বেতন শুধু নিতে আসে। টেলিফোন এক্সচেঞ্জের পাবলিক বুথ বন্ধ হয়ে যায় দেড় বছর আগে সে থেকে বুথের দু'জন অপারেটর বিনা ডিউটিতে মাসের শেষে বেতন শুধু নিতে আসে। টেলিফোন এক্সচেঞ্জের পাবলিক বুথ বন্ধ হয়ে যায় দেড় বছর আগে সে থেকে বুথের দু'জন অপারেটর বিনা ডিউটিতে মাসের শেষে শুধু বেতন তুলছে।